# বাংলাদেশ সেনাবাহিনীতে কমিশন্ড অফিসার পদে যোগ দিন

## ২৮তম ডিএসএসসি (স্পেশাল পারপাস) এএমসি (পুরুষ/মহিলা)

**সমরে ও শান্তিতে রাখিব সুস্থ**



### যোগ্যতাঃ

১। বয়স। ০১ জানুয়ারি ২০২৭ তারিখে অনূর্ধ্ব ৪০ বছর (এফিডেভিট গ্রহণযোগ্য নয়)।

২। শারীরিক মান (ন্যূনতম)।

| ক্রমিক | শারীরিক যোগ্যতা | পুরুষ প্রার্থীদের জন্য | মহিলা প্রার্থীদের জন্য |
|---|---|---|---|
| ক। | উচ্চতা | ১.৬৩ মিটার (৫ ফুট ৪ ইঞ্চি) | ১.৫২ মিটার (৫ ফুট) |
| খ। | ওজন * | ৫৯ কেজি (১৩০ পাউন্ড) | ৪৯ কেজি (১০৯ পাউন্ড) |
| গ। | বুক | স্বাভাবিক-০.৭৬ মিটার (৩০ ইঞ্চি)<br>প্রসার-০.৮১ মিটার (৩২ ইঞ্চি) | স্বাভাবিক-০.৭১ মিটার (২৮ ইঞ্চি)<br>প্রসার-০.৭৬ মিটার (৩০ ইঞ্চি) |

* উচ্চতা ও বয়স অনুসারে নির্ধারিত স্কেলের অতিরিক্ত ওজন শিথিলযোগ্য।

৩। শিক্ষাগত যোগ্যতা। এফসিপিএস/এফআরসিএস/এমএস/এমডি অথবা সমমান যা বাংলাদেশ মেডিকেল অ্যান্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক স্বীকৃত।

৪। বৈবাহিক অবস্থা। অবিবাহিত/বিবাহিত।

৫। জাতীয়তা। জন্মসূত্রে বাংলাদেশি নাগরিক।

৬। ক্যাটাগরি। নিম্নবর্ণিত ক্যাটাগরিসমূহে বিশেষজ্ঞ চিকিৎসকগণ (পুরুষ/মহিলা) আবেদন করতে পারবেনঃ

- ক্রিটিক্যাল কেয়ার মেডিসিন স্পেশালিস্ট
- গ্যাসট্রোএন্টারোলজিস্ট
- ইন্টারনাল মেডিসিন
- রেডিওলজিস্ট
- পেডিয়াট্রিক নিউরোলজিস্ট
- বার্ন এন্ড প্লাস্টিক সার্জন
- এন্ডোক্রাইনোলজিস্ট
- হৃদরোগ বিশেষজ্ঞ
- নেফ্রোলজিস্ট
- নিওনেটোলজিস্ট
- কার্ডিয়াক সার্জন
- অ্যানেস্থেসিওলজিস্ট
- পালমোনোলজিস্ট
- নিউরো মেডিসিন
- রিউম্যাটোলজিস্ট
- পেডিয়াট্রিক এন্ডোক্রাইনোলজিস্ট
- কলোরেক্টাল সার্জন (শুধুমাত্র মহিলা)

### প্রার্থীর জন্য অযোগ্যতাঃ

৭। সেনা/নৌ/বিমান বাহিনী অথবা যে কোন সরকারি চাকরি হতে বরখাস্ত/অপসারিত/স্বেচ্ছায় পদত্যাগ গ্রহণ।

৮। যে কোন ফৌজদারী অপরাধের জন্য আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত।

৯। প্রতিটি চোখের ক্ষীনদৃষ্টি ও দূরদৃষ্টি ২.৫ ডাইঅপ্টার এর বেশি এবং বিষমদৃষ্টি ১.০ ডাইঅপ্টার এর বেশি।

১০। দ্বৈত নাগরিকত্ব অথবা বাংলাদেশ ব্যতীত অন্য কোন দেশে স্থায়ীভাবে বসবাসের অনুমতি থাকলে।

১১। ভর্তি প্রক্রিয়ায় যে কোন পর্যায়ে ভুল বা মিথ্যা তথ্য প্রদান করা।

### আবেদন করার পদ্ধতিঃ

১২। ০৪ সেপ্টেম্বর ২০২৬ হতে ১৭ অক্টোবর ২০২৬ তারিখ পর্যন্ত শুধুমাত্র অনলাইনে আবেদন করা যাবে।

১৩। আবেদনকারী প্রার্থীগণকে https://join.army.mil.bd ওয়েবসাইটে প্রবেশ করে Home Page এর উপরে ডান পার্শ্বে Apply Now তে ক্লিক করে 28th DSSC (Special Purpose) AMC কোর্সে Apply করতে হবে।

১৪। আবেদনকারী প্রার্থীগণকে টেলিটক, VISA/Master Card, TAP, Bkash, Nagad, Rocket ইত্যাদির মাধ্যমে ১,০০০/- (এক হাজার) টাকা আবেদন ফি এবং ১,০০০/- (এক হাজার) অনলাইন রেজিস্ট্রেশন ফি বাবদ সর্বমোট ২,০০০/- (দুই হাজার) টাকা (অফেরৎযোগ্য) প্রদান করতে হবে। আবেদন প্রক্রিয়াতেই ওয়েব সাইটে বর্ণিত পদ্ধতি অনুসরণ করে আবেদন ফি ও অনলাইন রেজিস্ট্রেশন ফি প্রদান করা যায় এবং তাৎক্ষণিকভাবে প্রাথমিক সাক্ষাৎকারের কল-আপ লেটার পাওয়া যায়।

### নির্বাচন পদ্ধতিঃ

১৫। প্রাথমিক স্বাস্থ্য ও মৌখিক পরীক্ষা। আগামী ২৫-২৯ অক্টোবর ২০২৬ তারিখে ডিজিএমএস অফিস, ঢাকা সেনানিবাসে অনুষ্ঠিত হবে। আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতেঃ প্রার্থীরা কল-আপ লেটার প্রিন্ট করবেন এবং পরীক্ষার সময় কল-আপ লেটার ও জাতীয় পরিচয়পত্রের মূলকপি (NID) সাথে বহন করবেন। মৌখিক পরীক্ষার সময় সকল পরীক্ষার সার্টিফিকেট ও মার্কশীট এর মূলকপি (এসএসসি, এইচএসসি, এমবিবিএস, ইন্টার্নশীপ এবং এফসিপিএস/এফআরসিএস/এমএস/এমডি অথবা সমমান ও বিএমডিসি রেজিস্ট্রেশন কার্ড) প্রদর্শন করতে হবে, অন্যথায় অযোগ্য বলে বিবেচিত হবেন।

১৬। পরীক্ষার ফলাফল। https://join.army.mil.bd ওয়েবসাইট ও এসএমএস/টেলিফোনের মাধ্যমে জানানো হবে।

১৭। মনস্তাত্ত্বিক এবং চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা। পরবর্তীতে জানানো হবে।

১৮। চূড়ান্ত নির্বাচন এবং যোগদানপত্র প্রদান। উপরোক্ত সকল পরীক্ষায় যোগ্যতা অর্জন সাপেক্ষে মেধাক্রম অনুযায়ী প্রার্থীদেরকে সেনাবাহিনী সদর দপ্তর, এ্যাডজুটেন্ট জেনারেল শাখা, পার্সোনাল এ্যাডমিনিস্ট্রেশন পরিদপ্তর কর্তৃক চূড়ান্তভাবে নির্বাচিত ঘোষণা এবং পরবর্তীতে যোগদানপত্র প্রদান।

### প্রশিক্ষণ ও কমিশনঃ

১৯। বিএমএ প্রশিক্ষণ। চূড়ান্তভাবে নির্বাচিত হওয়ার পর ট্রেইনি অফিসার হিসেবে বিএমএ'তে ১০ (দশ) সপ্তাহ প্রশিক্ষণ গ্রহণ করবেন।

২০। কমিশন ও পশ্চাৎ প্রবীণতা। সফলতার সাথে প্রশিক্ষণ সমাপ্তির পর মেজর পদে কমিশন প্রদান এবং বিধি মোতাবেক পশ্চাৎ প্রবীণতা প্রদান করা হবে।

### প্রাপ্ত সুযোগ-সুবিধাঃ

২১। বেতন-ভাতা। সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য সুবিধাদিসহ সশস্ত্র বাহিনীর বেতনক্রম অনুযায়ী অফিসারগণ বেতন ও ভাতা প্রাপ্ত হবেন।

২২। অন্যান্য বিশেষত্ব।

ক। বাসস্থান। নিরাপদ ও মনোরম পরিবেশে প্রাধিকার অনুযায়ী বাসস্থান প্রাপ্তির সুযোগ পাবেন।

খ। চিকিৎসা। সামরিক হাসপাতালসমূহে উন্নতমানের চিকিৎসা সুবিধা ও দুরারোগ্য ব্যাধিতে উন্নত চিকিৎসার প্রয়োজন হলে বিধি মোতাবেক নগদ আর্থিক সহায়তাসহ বিদেশে সুচিকিৎসার সুযোগ পাবেন।

গ। সন্তানদের অধ্যয়ন। নিজ সন্তানদের জন্য সেনাবাহিনীর তত্ত্বাবধানে পরিচালিত স্কুল/কলেজ ও প্রতিষ্ঠানসমূহে যোগ্যতা অনুযায়ী অধ্যয়নের সুযোগ পাবেন।

### বিশেষ নির্দেশনাঃ

২৩। সামরিক মৌলিক প্রশিক্ষণের প্রয়োজনে প্রার্থীদেরকে বিএমএ'তে যোগদানের পূর্বে সাঁতার শেখার জন্য উপদেশ দেয়া হলো।

২৪। বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তনের ক্ষমতা সেনাসদর সংরক্ষণ করে।

২৫। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের যোগদানপত্র প্রদান/বাতিলের ক্ষমতা সেনাসদর সংরক্ষণ করে।

**অনলাইনে আবেদন করতে ভিজিট করুন**
**https://join.army.mil.bd**

সাপোর্ট নম্বরঃ +৮৮০১৭১৩১৬১৯৭৯
ই-মেইলঃ joinarmy.helpdesk@gmail.com

**আবেদনের শেষ তারিখ**

**১৭ অক্টোবর ২০২৬**

**পরিচালক**
পার্সোনেল এ্যাডমিনিস্ট্রেশন পরিদপ্তর
এ্যাডজুটেন্ট জেনারেল শাখা, সেনাবাহিনী সদর দপ্তর, ঢাকা